শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.৩১.০১৯.১৫.৪১৮

তারিখ: ০১ চৈত্র ১৪২৯
১৫ মার্চ ২০২৩

বিষয়: পৌরসভার এসেসরদের পক্ষে মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন ৬৪৭৩/২০১৪ হতে উদ্ভূত সিপিএলএ নং ৪৩৫৭/২০১৮-এ মাননীয় আপিল বিভাগের ২৯ আগস্ট ২০২২ তারিখের আদেশ প্রতিপালন।

সূত্র : ১. জনাব মোঃ নূরুল ইসলাম খান, এসেসর, সাভার পৌরসভা ও অন্যানদের আবেদন, তারিখ: ১০ ডিসেম্বর ২০২২
২. এ বিভাগের আইন-১ শাখার স্মারক ৪৬.০০.০০০০.০২০.০২০.০৪.২৮৬.১৪.১৭৩৯, তারিখ: ১২ ডিসেম্বর ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ দু'টি বিশেষ শ্রেণীর পৌরসভায় (প্রাক্তন টঙ্গী ও নারায়ণগঞ্জ পৌরসভা) চিফ এসেসর পদ ছিল। কিন্তু, 'ক', 'খ' ও 'গ' শ্রেণীর পৌরসভার বর্তমান সাংগঠনিক কাঠামোতে চিফ এসেসর পদ নেই। পৌরসভাসমূহের সাংগঠনিক কাঠামো পর্যালোচনাক্রমে প্রয়োজনীয় পদ সৃজন, প্রযোজ্য ক্ষেত্রে নিয়োগ/পদোন্নতির বিধান সংশোধন ইত্যাদি কার্যক্রম বর্তমানে চলমান রয়েছে। নতুন পদ সৃজন, নিয়োগ বিধি সংশোধন, বেতন গ্রেড পরিবর্তন ইত্যাদি সকল কাজে প্রশাসনিক মন্ত্রণালয় (স্থানীয় সরকার বিভাগ), জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি এবং লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সংশ্লিষ্টতা রয়েছে।

২। উল্লেখ্য, জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি এবং লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের যথাযথ অনুমোদনক্রমে প্রশাসনিক মন্ত্রণালয় (স্থানীয় সরকার বিভাগ) কর্তৃক পৌরসভাসমূহের সাংগঠনিক কাঠামো ও চাকুরি বিধিমালায় প্রয়োজনীয় সংশোধন করা হবে।

৩। এমতাবস্থায়, এ সামগ্রিক কার্যক্রমের সাথে মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন ৬৪৭৩/২০১৪ হতে উদ্ভূত সিপিএলএ নং ৪৩৫৭/২০১৮-এ মাননীয় আপিল বিভাগের ২৯ আগস্ট ২০২২ তারিখের আদেশ প্রতিপালনের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে নির্দেশক্রমে অবহিত করা হল।

১৫।০৩।২০২৩
মোঃ আব্দুর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura1@lgd.gov.bd

জনাব নুরুল ইসলাম খান
এসেসর, সাভার পৌরসভা, ঢাকা
(রিট দায়েরকারীদের পক্ষে)

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. যুগ্মসচিব (আইন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা